গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
গফরগাঁও, ময়মনসিংহ
www.acl.gafargaon.mymensingh.gov.bd

নম্বর-৩১.৪৫.৬১২২.০০০.৫৭.০০১.২৪-১২৮০

তারিখঃ ২২ কার্তিক ১৪৩১
১১ নভেম্বর ২০২৪

# নিলাম বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্বসাধারণ ও ঠিকাদারী প্রতিষ্ঠানের মালিকগণকে জনানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলাধীন গফরগাঁও উপজেলার নিম্নোক্ত ছকে উল্লিখিত স্থানে মোবাইল কোর্টের মাধ্যমে জব্দকৃত বালু (যেখানে যে অবস্থায় আছে) বিক্রয়ের জন্য নিম্নলিখিত শর্তে আগামী **১৮-১১-২০২৪ খ্রি. তারিখ, সোমবার, সকাল ১০.০০ টায়, গফরগাঁও উপজেলা পরিষদ মিলনায়তনে** উন্মুক্ত নিলাম ডাক অনুষ্ঠিত হবে। উক্ত নিলাম ডাকে অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | মৌজার নাম | বালু রাখার স্থান | বালুর পরিমান (ঘনফুট) | প্রতি ঘনফুট বালুর সর্বনিম্ন বাজার মূল্য (টাকা) | বালুর ন্যনতম বাজার মূল্য (টাকা) | বালু সরিয়ে নেওয়ার সর্বোচ্চ সময় |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০১ | পাচঁবাগ | গাভীশিমুল, চরশাঁখচূড়া | হোসেনপুর ব্রীজের উত্তরে | ৩৬,৪৮,৩০০ | ২.২০ | ৮০,২৬,২৬০/- | ১২০ দিন |

নিলামের শর্তাবলিঃ

১. যেকোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান নিলাম ডাকে অংশগ্রহণ করতে পারবে।
২. অংশগ্রহণকারীকে নিলাম শুরুর আধা ঘণ্টা পূর্বে ডাক টেবিলে জামানত বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা **(ফেরতযোগ্য)** নগদ বা পে-অর্ডারের মাধ্যমে সহকারী কমিশনার (ভূমি), গফরগাঁও, ময়মনসিংহ এর অনুকূলে জমা দিয়ে নাম অন্তর্ভুক্ত করতে হবে। একজন ডাককারী তার সাথে সর্বোচ্চ তিন জন নিয়ে উপজেলা পরিষদ মিলনায়তনে প্রবেশ করতে পারবেন।
৩. নিলাম ডাকে অংশগ্রহণকারী নিলাম ডাকের পূর্বে উল্লিখিত স্থানে আটককৃত বালু সরেজমিন দেখে ডাকে অংশগ্রহণ করবেন। পরবর্তীতে কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।
৪. সর্বোচ্চ ডাককারীকে নিলাম ডাকের **২৫% অর্থ নিলামের দিন (১৮-১১-২০২৪ খ্রি. তারিখ) অফিস চলাকালীন** সময়ের মধ্যে ট্রেজারি চালানের মাধ্যমে নির্ধারিত কোডে এবং অবশিষ্ট অর্থ ও ডাকমূল্যের ১৫% ভ্যাট ও ১০% আয়করসহ আগামী **২৭/১১/২০২৪ খ্রি.** তারিখ **দুপুর ২.০০ টার** মধ্যে ট্রেজারি চালানের মাধ্যমে নির্ধারিত কোডে আবশ্যিকভাবে জমা করতে হবে। **ব্যর্থতায় নিলাম বাতিলপূর্বক জামানতসহ জমাকৃত ২৫% অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।**
৫. শুধুমাত্র নিলামের সম্পূর্ণ অর্থ পরিশোধ সাপেক্ষে নিলাম গ্রহীতার অনুকূলে কার্যাদেশ প্রদান করা হবে।
৬. ডাককারীকে কার্যাদেশ প্রদানের পর ছকের ০৮ নং কলামে উল্লিখিত সময়ের মধ্যে নিজ খরচায় সম্পূর্ণ বালু সরিয়ে নিতে হবে।
৭. ডাকের মাধ্যমে শুধু জব্দকৃত বালু বিক্রয় করা হবে, এর মাধ্যমে কেউ বিআইডব্লিওটিএ এর উত্তোলিত বালু গ্রহণ বা নদী থেকে নতুন করে বালু উত্তোলন করতে পারবেন না।
৮. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত কেউ বালু উত্তোলন করলে বা **বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০** লঙ্ঘন করলে তাকে উপযুক্ত শাস্তির আওতায় আনা হবে।
৯. নিলাম ডাক গ্রহণের/বাতিলের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১১-১১-২০২৪
আমির সালমান রনি
সহকারী কমিশনার (ভূমি)
গফরগাঁও, ময়মনসিংহ
aclandgaffargaon@gmail.com

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)-
০১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়
০২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
০৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ
০৪। পুলিশ সুপার, ময়মনসিংহ
০৫। ক্যাম্প কমান্ডার, গফরগাঁও সেনা ক্যাম্প, ময়মনসিংহ
০৬। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ময়মনসিংহ
০৭। পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, ভূ-তত্ত্ব ভবন, ১৫৩ পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা- ১০০০
০৮। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ, তাঁকে আইন শৃঙ্খলা রক্ষাসহ সার্বিক বিষয়ে সহায়তার অনুরোধসহ
০৯। উপজেলা নির্বাহী অফিসার ......................, (সকল), ময়মনসিংহ, নোটিশবোর্ডে প্রকাশ ও বহুল প্রচারের অনুরোধসহ
১০। সহকারী কমিশনার (ভূমি) .........................(সকল), ময়মনসিংহ, নোটিশবোর্ডে প্রকাশ ও বহুল প্রচারের অনুরোধসহ
১১। নির্বাহী প্রকৌশলী, (পানি উন্নয়ন বোর্ড/ ড্রেজিং বিভাগ, বিআইডব্লিওটিএ), ময়মনসিংহ
১২। অফিসার ইন চার্জ, গফরগাঁও/পাগলা থানা, ময়মনসিংহ, তাঁকে নিলাম ডাকের দিন প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েনের অনুরোধসহ
১৩। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ, জেলার ওয়েবসাইট ও ফেসবুক পেইজে প্রকাশের জন্য

১৪। সহকারী প্রোগ্রামার, গফরগাঁও, ময়মনসিংহ, উপজেলার ওয়েবসাইট ও ফেসবুক পেইজে প্রকাশের জন্য
১৫। উপজেলা ............................. অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ
১৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, সকল ইউনিয়ন, গফরগাঁও, ময়মনসিংহ, নোটিশবোর্ডে প্রকাশসহ বহুল প্রচারের অনুরোধসহ
১৭। ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা, সকল ইউনিয়ন, গফরগাঁও, ময়মনসিংহ, নোটিশবোর্ডে প্রকাশসহ বহুল প্রচারের অনুরোধসহ
১৮। নোটিশ বোর্ড/অফিস কপি